ঝিনাইদহে জামায়াতের বিক্ষোভ মিছিল

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাবেক ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল এটিএম আজহারুল ইসলামের মুক্তির দাবিতে ঝিনাইদহ জেলা জামায়াতের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ থেকে বিক্ষোভ শুরু হয়ে পায়রা চত্বরে এসে সমাবেশে মিলিত হয়।

বিক্ষোভ মিছিল ও সমাবেশে সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা জামায়াতের আমীর অধ্যাপক আলী আজম মোঃ আবুবকর, সমাবেশ পরিচালনা করেন সেক্রেটারি অধ্যাপক আব্দুল আওয়াল এসময় উপস্থিত ছিলেন সহকারী সেক্রেটারি আব্দুল হাই, কাজী ছগীর আহম্মেদ, কালীগঞ্জ উপজেলা আমীর আব্দুল হক, কালীগঞ্জ নায়েবে আমীর মাওলানা মোঃ আবু তালিব, হরিনাকুণ্ডু উপজেলা আমীর বাবুল হোসেন, শৈলকূপা উপজেলা আমীর অধ্যাপক এস এম মতিউর রহমান, ঝিনাইদহ শহর আমীর এ্যাডঃ ইসমাইল হোসেন, শহর শিবিরের সভাপতি মেহেদী হাসান রাজু, সেক্রেটারি আব্দুল্লাহ আল মামুনসহ ঝিনাইদহ জেলা জামায়াতের নেতৃবৃন্দ।

সমাবেশে জেলা আমীর ঝিনাইদহ-২ আসনের এমপি প্রার্থী অধ্যাপক আলী আজম মোঃ আবু বক্কর বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব গ্রহণের ৬ মাস ১০ দিন অতিবাহিত হচ্ছে। বর্তমান সরকারের আমলে এই প্রথম জামায়াতে ইসলামী রাজপথে নামতে বাধ্য হয়েছে। স্বৈরাচারী শেখ হাসিনার পতনের পর দেশবাসী আশা করেছিল তারা সকল প্রকার জুলুম নির্যাতন থেকে রেহাই পাবে। যারা মিথ্যা মামলায় কারাগারে আটক ছিলেন তারা মুক্তি পাবে। কিন্তু শেখ হাসিনার পতনের পর ফাঁসির আসামীসহ অনেকেই মুক্তি পেলেও জামায়াতের সাবেক ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল এটিএম আজহারুল ইসলাম মুক্তি পাননি। তার মুক্তি না হওয়ায় দেশবাসী বিস্মিত ও হতবাক। সুতরাং খুব দ্রুত তাকে মুক্তি দিতে হবে।

বক্তারা আরো বলেন, আওয়ামী সরকার দলীয় লোকদের দ্বারা তার বিরুদ্ধে মিথ্যা ও সাজানো সাক্ষ্য প্রদান করা হয়েছে যা অবাস্তব

ও হাস্যকর। ২০২৪ সালে ছাত্রজনতার গণঅভ্যুত্থানের মুখে স্বৈরাচারী শেখ হাসিনা পদত্যাগ করে দেশ থেকে পালিয়ে যায়। অন্তর্বর্তীকালীন সরকারের ক্ষমতা গ্রহণের ৬ মাস ১০ দিন অতিবাহিত হওয়ার পরও এটিএম আজহারুল ইসলাম মুক্তি পাননি। জামায়াত স্বৈরশাসনামলে জুলুম ও নির্যাতনের শিকার হয়েছে। স্বৈরশাসনমুক্ত বাংলাদেশে জামায়াত এখনো বৈষম্যের শিকার।

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের প্রতিবাদে মশাল মিছিল ও প্রতিবাদ সমাবেশ

দেশ বিরুধী ষড়যন্ত্র করতে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের লিফলেট বিতরণ ও নাশকতার পরিকল্পনার প্রতিবাদে গাংনীতে মশাল মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার রাত ৮ টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের চারচারা নামক স্থানে উপজেলা বিএনপি সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে এই মশাল মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। মশাল মিছিলে উপস্থিত ছিলেন গাংনী পৌর বিএনপির ৩ নং ওয়ার্ডের সভাপতি ইনামুল হক, ১ নং ওয়ার্ড বিএনপির সভাপতি মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি মোঃ নাজমুল হোসাইন, গাংনী পৌর জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভি, যুবদল নেতা শাহিবুল ইসলামসহ বিএনপির অন্যান্য নেতাকর্মী।

মেহেরপুরে জেলা যুবদল ও ছাত্রদলের প্রতিবাদ মিছিল

আওয়ামী লীগের বিভিন্ন নৈরাজ্য সন্ত্রাসী মূলক কর্মকান্ডের বিরুদ্ধে মেহেরপুর জেলা যুবদল ও ছাত্রদলের প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত আটটার দিকে জেলা বিএনপি’র কার্যালয় থেকে মিছিলটি বের হয় প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভা সামনে শেষ হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ, মাহবুব সানি, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক সাঈদ বিন রফিক সিজার,

জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মোঃ রাকিবুল ইসলাম সজল, জেলা যুবদলের সদস্য মোঃ রেমিম, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ সহ ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌর বিএনপি’র নেতৃত্বে মিছিল

মেহেরপুর পৌর বিএনপি’র কর্মীসভায় যোগ দিতে বিএনপি নেতা বখতিয়ার, রোলেক্স এর নেতৃত্বে মিছিলটি বের করা হয়।

আজ শুক্রবার (৩১ শে জানুয়ারি) বিকেল চারটার দিকে মেহেরপুর শহরের মল্লিক পারাস্থ্য রোলেক্সে দলীয় কার্যালয় থেকে একটি মিছিল মেহেরপুর সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপি’র যৌথ কর্মী সভায় যোগদান উপলক্ষে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কাথুলী রোডের খান কমিউনিটি সেন্টারে যেয়ে শেষ হয়।

এই সময় মিছিলে নেতৃত্বে দেন পৌর বিএনপি নেতা বখতিয়ার হোসেন ও যুবদলের নেতা মেহেদী হাসান রোলেক্স অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার সর্বস্তরের বিএনপি সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরে বিএনপি’র গণ মিছিল

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির পুনঃবিবেচনার দাবিতে গণ মিছিল করেছে পৌর ও সদর উপজেলা বিএনপি।

বৃহস্পতিবার (১৬ই জানুয়ারি) বিকেলের চারটার দিকে মেহেরপুর কাথুলি বাস স্ট্যান্ডে জেড কে ফিলিং স্টেশনের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

মিছিলে নেতাকর্মীরা মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি পুনঃবিবেচনার দাবিতে বিভিন্ন স্লোগান দিতে থাকে। এ সময় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাবেক সহ সংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদসহ বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা।

মুজিবনগরে উপজেলা জামায়াতে ইসলামীর মিছিল ও সমাবেশ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। শনিবার (১১ জানুয়ারি) বিকাল ৪ ঘটিকার সময়

কেদারগঞ্জ এমবিআর মার্কেট হতে কেদারগঞ্জ চার রাস্তার মোড় ও বল্লভপুর রোড হয়ে কেদারগঞ্জ বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে চার রাস্তার মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা আমীর মাওলানা খান জাহান আলীর সভাপতিত্বে সমাবেশটি পরিচালনা করেন মুজিবনগর উপজেলা জামায়াতের সেক্রেটারী খাইরুল বাসার। প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর মাওলানা তাজউদ্দিন খান বক্তব্যে বলেন, এদেশ কোন দলের নয় জাতীয় পার্টি বিএনপি আওয়ামী লীগ জামাতে ইসলামীর নয়। এদেশ মুসলিম হিন্দু খ্রিস্টান কারো ভাগের নয়। এ দেশ ১৮ কোটি জনগণের এ দেশকে উন্নয়ন করতে হলে ১৮ কোটি মানুষের ৩৬ কোটি হাতকে কাজে লাগিয়ে উন্নয়ন ঘটানো হবে। বিভেদ সৃষ্টি করা হবে না স্বাধীনতার পক্ষ বিপক্ষ বলে অন্যায়কারীদের চিহ্নিত করা হবে। এই লোকগুলো অন্যায়কারী তাদেরকে যাতে মানুষ ঘৃণা করে নেই ইনসাফ প্রতিষ্ঠা করে তার বদলা নেওয়া হবে।

বিশেষ মেহমান হিসেবে বক্তব্য রাখেন জেলা জামাতের বাইতুলমাল সেক্রেটারি জারজিস হুসেইন, মেহেরপুর সদর জামাতের আমির মাওলানা সোহেল রানা, মেহেরপুর পৌর জামাতের আমির সোহেল রানা ডলার।

আরো বক্তব্য রাখেন আরো বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম। সমাবেশে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামাতের সহকারি সেক্রেটারি জনাব মোস্তাফিজুর রহমান, মুজিবনগর উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা পেশাজীবী বিভাগের সেক্রেটারি মোশারফ হোসেন, উপজেলা বাইতুলমাল সেক্রেটারি আমির হোসেন, উপজেলা সমাজ কল্যাণ সেক্রেটারি আমিনুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন জামাতের আমির আব্দুল হালিম, মনাখালী ইউনিয়ন আমির মোখলেসুর রহমান, বাগওয়ান ইউনিয়ন আমির মাওলানা ফারুক হোসেন, মহাজনপুর ইউনিয়ন আমির আব্দুল হামিদ প্রমূখ।

মেহেরপুরে বিএনপি’র দোয়া মাহফিল ও মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল ও মিছিল করেছে পৌর, সদর ও উপজেলা বিএনপি।

শনিবার (১১ জানুয়ারি) সকাল সাড়ে ১১ দিকে বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে পৌর কমিউনিটি সেন্টারের সামনে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল শেষে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড় এলাকায় গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির যুগ্ম আহবায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ মেহেরপুর বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরে পৌর বিএনপি’র মিছিল,পথসভা ও লিফলেট বিতরণ

“জনগণের সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন” বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে মিছিল,পথসভা ও লিফলেট বিতরণ করেছে পৌর বিএনপি।

বুধবার (৮ জানুয়ারি) বিকাল সাড়ে চারটার দিকে কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নির্দেশে জেলা

বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে শহরের কাথুলী বাস স্ট্যান্ডের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুরাতন বাস টার্মিনালে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত পথসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

তিনি বক্তেব্য বলেন, এখন হাইব্রিডদের মাথা গজিয়েছে। যারা দীর্ঘ ১৭ বছর রাজপথে লড়াই সংগ্রামে অংশ নেয়নি তারা আজকে নকল সোনা সেজেছে। অরজিনাল সোনা আজকে তাদের কোন মূল্যায়ন নেই। হাই হাইব্রিড পাতি নেতাদের কারণে আজ দেশে আওয়ামী লীগের দুষ্কৃতি কর্মীরা মাথাচাড়া দিয়ে উঠেছে।
তিনি আরো বলেন, এখন তাদের এমন ভাব হয়েছে যেন সরকার ক্ষমতায় এসেছে। আমরা বিরোধী দলে ছিলাম, এখনো বিরোধী দলে আছি। ক্ষমতার মালিক জনগণ, ক্ষমতার বড়াই দেখাবেন না। এই ক্ষমতা আর জনগণ পছন্দ করেনা।

পথসভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার লিফলেট বিতরণ করা হয়। এসময় পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আনারুল ইসলাম কালু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবীব সোনা, সহ-সভাপতি হাজী ফজলু খান, হাবিব ইকবাল, আব্দুস সামাদ, সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবু, জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ মেহেরপুর জেলা যুবদল,স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপি’র মিছিল ও সমাবেশ

“সবার আগে বাংলাদেশ, জনগণের সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন”

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে মিছিল ও সমাবেশ করেছে পৌর, সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ রবিবার সকাল সাড়ে এগারোটার দিকে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ থেকে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে একটি মিছিল বের হয়ে পৌর শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিদ করে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা কৃষকদলের আহবায়ক মাহবুবুর রহমান, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরসহ মেহেরপুর বিএনপি’র অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে সমাবেশ করা হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।
এসময় তিনি বক্তব্যে বলেন, ষড়যন্ত্র এখনো চলছে। মেহেরপুরে জেলা বিএনপির কমিটি নিয়ে কোনরকম ষড়যন্ত্রকে ছাড় দেওয়া হবে না। আপনারা বলেছেন ঘরে বসে কমিটি হবে, এখনই পদ পদবি বিক্রি করছেন। ঘরে বসে কোন কমিটি হবে না। কমিটি হবে প্রকাশ্যে শামসুজ্জোহা পার্কে, জনগণের সামনে। মানুষ উত্তর দেবে, মানুষ জেগেছে মানুষ জাগছে, জনগণের কথা হবে শেষ কথা।

মেহেরপুরে কৃষক দলের মিছিল ও স্মারকলিপি প্রদান

কৃষি এবং কৃষকের স্বার্থে মেহেরপুর সদরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রর প্রকল্পের কার্যক্রম

চলমান রাখার দাবীতে মিছিল ও জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেছে মেহেরপুর জেলা কৃষকদল।

আজ মঙ্গলবার (৩ ডিসেম্বর) সকাল সাড়ে এগারো টার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এসে মানববন্ধন করেন।

এ সময় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

বক্তব্যে তারা বলেন কৃষকদের ন্যায্য মূল্যে সার বিতরণ করতে হবে। কৃষকদের মাঝে বীজ বিতরণে যে অনিয়ম হয়েছে তা জেলা প্রশাসককে খতিয়ে দেখার জন্য আহ্বান জানান। তাছাড়াও মেহেরপুর সদরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের কার্যক্রম চলমান রাখার ঘোর দাবি জানাচ্ছি। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে কৃষি উপদেষ্টার বরাবর স্মারকলিপি প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন, সদর উপজেলা কৃষকদলের আহবায়ক আজিজুল হক, গাংনী পৌর কৃষকদলের আহবায়ক আমিনুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা কৃষকদলের সদস্য সচিব মিরাজ উদ্দিন প্রমুখ।